

বি.এস.পি.সি-র স্বাধীনতা দিবস ও বার্ষিক ক্রীড়া দিবস উদ্যাপন



বাংলাদেশ সোসাইটি-পূজা ও সংস্কৃতির উদ্যোগে ২৯শে মার্চ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সূতিসৌধের প্রাঙ্গনে যথাযোগ্য মর্যাদায় ৩৮তম স্বাধীনতা দিবস ও বার্ষিক ক্রীড়াদিবস উদ্যাপিত হয়। ভাষা সৈনিক জনাব রকিব-উদ দৌলা প্রধান অতিথি হিসাবে বাংলাদেশের পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের উদ্বোধন করেন এবং নতুন প্রজন্মের উদ্দেশ্যে স্মরচিত কবিতা পাঠের মাধ্যমে প্রবাসে স্বাধীনতা দিবস উদ্যাপনের তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরেন।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ডীন প্রফেসর সোমেন দেওয়ান বিশেষ অতিথির বক্তৃতায় বাংলাদেশ সোসাইটি কর্তৃক প্রবাসে দেশীয় কায়দায় স্বাধীনতা দিবস উদ্যাপনের উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন এবং নতুন প্রজন্মের কাছে আমাদের কৃষ্টি ও সংস্কৃতিকে ধারন করার সঠিক পদক্ষেপ হিসাবে আখ্যায়িত করেন।



অনুষ্ঠানের দ্঵িতীয় পর্যায়ে সংগঠনের সদস্য-সদস্যা, সন্তান সন্ততিসহ আগত শতাধিক ব্যক্তিবর্গ সারাদিনব্যাপী আনন্দঘন পরিবেশে বিভিন্ন পর্যায়ের ক্রীড়া ও ক্রিকেট প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। সবশেষে প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে সনদ ও মেডেল দিয়ে পুরস্কৃত করেন যথাক্রমে সোসাইটির সহ-সভাপতি শ্রী নির্মল চৌধুরী ও সভাপতি শ্রী নির্মল পাল। পুরস্কার বিতরন অনুষ্ঠান

পরিচালনা করেন সাধারণ সম্পাদক শ্রী নির্মাল্য তালুকদার। সামগ্রিক অনুষ্ঠানটি
সমন্বয় করেন সহ-সভাপতি শ্রী নির্মল চৌধুরী।

প্রধান অতিথি ও বিশেষ অতিথিসহ সকলের উপস্থিতি ও অংশগ্রহনের মাধ্যমে
অনুষ্ঠানটি প্রাণবন্ত ও সার্থক করার জন্য সংস্কৃত সকলকে ধন্যবাদ জানিয়ে
সভাপতি শ্রী নির্মল পাল অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।

সোসাইটির কার্যকরী কমিটি দিবসটি যথাযোগ্য মর্যাদা ও সার্থকভাবে স্বাধীনতা
দিবস ও বার্ষিক ক্রীড়াদিবস উদ্ব্যাপনের জন্য সকলের প্রতি ধন্যবাদ ও
কৃতজ্ঞতা জানাচ্ছে।

– অমল চক্রবর্তী

